




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০১.২১-০৬২

তারিখঃ ২১/১০/২০২১খ্রিঃ

বিষয়ঃ ইরেসপো-২য় পর্যায় প্রকল্পের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য ১টি পৃথক ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর আওতায় বাস্তবায়নের জন্য দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত বিগত ০১/০৬/২০২১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়েছে। ডিপিপি'র সংস্থান অনুযায়ী কর্মকান্ড বাস্তবায়নের জন্য ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দের বিপরীতে অর্থ ছাড়ের কার্যক্রম চলমান রয়েছে। অর্থ ছাড় হওয়া মাত্রই উপজেলা ও জেলা পর্যায়ের ব্যয় নির্বাহের জন্য অর্থ ছাড় করা হবে। সে আলোকে জরুরী ভিত্তিতে পৃথক ব্যাংক হিসাব খোলা প্রয়োজন।

এমতাবস্থায়, ইরেসপো-২য় পর্যায়ের আর্থিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা ও জেলা পর্যায়ে IRESPPW-2nd Phase, BRDB শিরোনামে সোনালী ব্যাংক লি. এর নিকটবর্তী একটি SND/STD ব্যাংক হিসাব খোলাপূর্বক প্রকল্প সদর দপ্তর-কে আগামী ০২/১১/২০২১ খ্রি: তারিখের মধ্যে উক্ত হিসাবের ব্যাংক স্টেটমেন্টসহ অবহিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, উপজেলা পর্যায়ের উক্ত হিসাবটি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। এছাড়া জেলা পর্যায়ের উক্ত হিসাবটি উপপরিচালক এবং হিসাব রক্ষক এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

১। উপপরিচালক

বিআরডিবি, জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল জেলা)।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি, উপজেলাঃ----- জেলাঃ----- (প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ব্রাঞ্চ ম্যানেজার, সোনালী ব্যাংক লি.; ----- শাখা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
৬. অফিস নথি।



সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।



দুঃশপথ মুজিব বর্ষে
আমরা থাকবো সবার শীর্ষে

নং-প্রকা/বিডিডি/ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব/ ৮৭৭

তারিখ : ০৪ সেপ্টেম্বর, ২০২১

জেনারেল ম্যানেজার/চীফ অডিট অফিসার/চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/
কোম্পানী সেক্রেটারী/জেনারেল ম্যানেজার (ইনচার্জ)/
প্রিন্সিপাল/ডেপুটি জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার/সোনালী ব্যাংক লিমিটেড
সকল জেনারেল ম্যানেজার্স অফিস/স্থানীয় কার্যালয়, ঢাকা/ প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/
রমনা কর্পোরেট শাখা, ঢাকা/বঙ্গবন্ধু এডিনিউ কর্পোরেট শাখা, ঢাকা/ওয়েজ আর্নার্স কর্পোরেট শাখা, ঢাকা/
সকল কর্পোরেট শাখা/সকল প্রিন্সিপাল অফিস/সকল আঞ্চলিক কার্যালয়/
স্টাফ কলেজ/ট্রেনিং ইন্সটিটিউট/সকল শাখা
সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড, ঢাকা
বাংলাদেশ।

বিষয় : অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের এসএনডি হিসাবের পরিবর্তে চলতি হিসাব খোলা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এ ডিভিশনের ৩১ আগস্ট, ২০২১ তারিখের প্রকা/বিডিডি/ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের হিসাব/৭৪৯ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

২.০০ঃ সূত্রোক্ত পত্রে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের এসএনডি হিসাব খোলা সমীচীন হবে না মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়। সেই সাথে ইতিপূর্বে খোলা এ ধরনের এসএনডি হিসাবসমূহ বন্ধ করে এর পরিবর্তে চলতি হিসাব খোলার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে বেশ কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভিন্ন প্রতিবন্ধকতার কথা উল্লেখ করে এ ব্যাংকের বিভিন্ন শাখায় খোলা তাদের এসএনডি হিসাবসমূহ বন্ধ না করে তা চালু রাখা/ নতুন এসএনডি হিসাব খোলার বিষয়ে এ ব্যাংকের উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর মৌখিকভাবে অনুরোধ করেছে।

৩.০০ঃ বিষয়টি কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করা হলে কর্মসংস্থান ব্যাংক, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রবাসী কল্যাণ ব্যাংক, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পল্লী সঞ্চয় ব্যাংক এ ব্যাংকের সাথে বিদ্যমান চুক্তি/এয়ারেঞ্জমেন্ট এর আওতায় ও সরকারী উন্নয়ন কর্মসূচির ধারাবাহিকতা বজায় রাখার স্বার্থে উক্ত নির্দেশনার আওতা বহির্ভূত থাকবে মর্মে অনুমোদন প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(শাহিনাজ বেগম)

ডেপুটি জেনারেল ম্যানেজার